JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ওয়েস্টার্ন নিউ ইয়র্কের আর্থিক বর্ষ 2020-র প্রণয়িত বাজেটের উল্লেখযোগ্য বিষয়গুলি ঘোষণা করেছেন

সম্পত্তির ট্যাক্স ক্যাপ স্থায়ী করে – ট্যাক্স ক্যাপ আগামী 10 বছরে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দাদের 7 বিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে

ব্যয় 2% এ সীমিত রাখে এবং মধ্যম শ্রেণীর জন্য কর হ্রাস করে – কর হ্রাস করার দ্বিতীয় বছরে ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসীদের গড়ে 292 মার্কিন ডলার সাশ্রয় হবে

নায়াগারা ফ্রন্টিয়ার ট্রান্সপোর্টেশন অথরিটীর (Niagara Frontier Transportation Authority, NFTA) উন্নতিসমূহ অর্থায়নের জন্য 58.6মিলিয়ন মার্কিন ডলার উৎসর্গ করে

বাফালো স্কাইওয়ে করিডোর কম্পিটিশনের (Buffalo Skyway Corridor Competition) জন্য জমা পড়া আবেদনগুলির পর্যালোচনা করার জন্য ভারপ্রাপ্ত প্যানেলিস্টদের নাম উল্লেখ করছেন গভর্নর কুওমো – আরো জানুন এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আর্থিক বছর 2020 এর বাজেটের মূল বিষয়গুলি ঘোষণা করেছেন। গভর্নরের 2019 সালের ন্যায় কর্মসূচীর উপর ভিত্তি করে এই বাজেট, সবার জন্য সামাজিক ও অর্থনৈতিক ন্যায়বিচার নিশ্চিত করার জন্য বিস্তৃত বিধানসমূহ প্রদান করে, ওয়াশিংটনের অবিরত ফেডারেল বঞ্চনাসমূহ থেকে নিউ ইয়র্কবাসীদের এবং মধ্যবিত্তদের উপর আক্রমণ থেকে সুরক্ষা প্রদান করে, শিক্ষা সংক্রান্ত অর্থায়ন বৃদ্ধি করে, রাজ্যের ফৌজদারি বিচার ব্যবস্থার সংস্কার করে, অবিরত শক্তিশালী নারী কর্মসূচীর এজেন্ডার প্রতি নিউ ইয়র্কের অঙ্গীকারবদ্ধতাকে সমর্থন করে, এবং নিউ ইয়র্কের 21তম শতাব্দীর প্রয়োজনগুলি পূরণ করার জন্য গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্পগুলিতে বিনিয়োগকে অগ্রাধিকার দেয়। ধারাবাহিকভাবে নবম বছরে, বাজেটটি ভারসাম্যপূর্ণ এবং ব্যয়ের বৃদ্ধি 2% এ ধরে রেখেছে।

"এই বছরের বাজেটের অংশ হিসাবে, আমরা পশ্চিম নিউ ইয়র্কের জন্য সব চেয়ে আক্রমনাত্মক কর্মসূচী চেয়েছিলাম, এবং ঠিক তাই আমরা করেছি", **গভর্নর কুওমো বলেন।** "এই পরিকল্পনাটি যে অগ্রগতি এবং ভরবেগ আমরা পশ্চিম নিউ ইয়র্ক জুড়ে তৈরি করেছি তার উপর ভিত্তি করে গড়ে তোলে। সব তীর অবশেষে সঠিক দিক নির্দেশ করা হয়েছে। মানুষ জানে যে এটি এক ভিন্ন বাফালো, এটি আগের তুলনায় এক সম্পূর্ণ ভিন্ন অর্থনৈতিক আবহাওয়া এবং এই পরিকল্পনাটি বাফালোর পুনর্জন্মকে ত্বরান্বিত করবে।"

আর্থিক বর্ষ 2020 এর নির্বাহী বাজেটের মূল বিষয়গুলি:

- স্টেট অপারেটিং ফান্ডের খরচ ধারাবাহিকভাবে নবম বছরের জন্য 102.1 বিলিয়ন মার্কিন ডলার, যা বৃদ্ধির হারকে 2% এ ধরে রেখেছে (স্টেট অপারেটিং ফান্ড ফেডারেল ফান্ড এবং পুঁজি বহির্ভুত)
- আর্থিক বছর 2020-র জন্য সমস্ত ফান্ডের ব্যয় 175.5 বিলিয়ন মার্কিন ডলার
- 2012 সালে বাস্তবায়িত হওয়ার পর থেকে করদাতাদের সঞ্চয় আনুমানিক 25 বিলিয়ন মার্কিন ডলারের উপর গঠন করে সম্পত্তির করের সর্বোচ্চ সীমা 2% এ স্থায়ী করেছে
- স্কুলের সহায়তা 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি করেছে, স্কুলের মোট সহায়তার পরিমাণ অভুতপূর্ব 27.9 বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছে
- দুর্নীতি এবং অহিংস অপরাধের জন্য নগদ জামিন অপসারণ করে, দ্রুত বিচারের অধিকার নিশ্চিত করে এবং আবিষ্কারের প্রক্রিয়া রূপান্তরিত করে ন্যায়বিচারে বিস্তৃত সংস্কার প্রদান করে
- পরবর্তী পাঁচ বছর ধরে 150 বিলিয়ন মার্কিন ডলারের পরিকাঠামো প্রকল্পে বিনিয়োগের জন্য গভর্নরের অভূতপূর্ব প্রতিশ্রুতির উপর ভিত্তি করে, 675,000 কর্মসংস্থান তৈরি করে
- সাশ্রয়ী মূল্যের পরিচর্যা আইনের (Affordable Care Act, ACA) বিধানগুলি বিধিবদ্ধ করে
- একবার ব্যবহার করা যায় এমন প্লাস্টিকের ব্যাগ নিষিদ্ধ করে
- বর্জ্য খাদ্যের পুনর্ব্যবহারযোগ্য প্রোগ্রাম (food waste recycling program) আরম্ভ করে
- সমস্ত স্থানীয় সরকারগুলিতে জানুস সুরক্ষা প্রসারিত করে এবং সংগঠিত এবং সমষ্টিগতভাবে আলোচনার মাধ্যমে চুক্তি করার অধিকার নিশ্চিত করে
- বিধানসভা অধিবেশনের প্রথম 10 সপ্তাহের মধ্যে ভোটের সংস্কারের উপর ভিত্তি করে তৈরি করে
- রাজ্যটির বিনিয়োগকে বাড়িয়ে ঐতিহাসিক 3 বিলিয়ন মার্কিন ডলারে নিয়ে যায় পরিচ্ছন্ন জল সরবরাহের জন্য অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে

ওয়েস্টার্ন নিউইয়র্কের জন্য সুবিধাজনক কৌশলগত বিনিয়োগের হাইলাইটগুলির মধ্যে রয়েছে:

- স্থায়ী সম্পত্তি করের সীমা আগামী 10 বছরের মধ্যে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অধিবাসীদের মধ্যে 7 বিলিয়ন মার্কিণ ডলার সাশ্রয় করবে
- মধ্যবিত্তদের জন্য কর হ্রাস করা পশ্চিম নিউ ইয়র্কের অধিবাসীদের গড়ে 292 ডলার সাশ্রয় করবে
- NFTA-কে অর্থায়ন বাবদ 58.6 মিলিয়ন মার্কিন ডলার
- বাফালো ইস্ট সাইডকে পুনরুজ্জীবিত করতে 50 মিলিয়ন মার্কিন ডলার
- স্কাইওয়ে করিডোর পুনরায় কল্পনা করতে প্রতিযোগিতার বিজয়ীদের জন্য পুরস্কার বাবদ 175,000 ডলার
- 35.2 মিলিয়ন মার্কিন ডলার স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (State University of New York, SUNY) ফেসিলিটিগুলি বজায় রাখতে এবং আপগ্রেড করতে
- 10 মিলিয়ন মার্কিন ডলার হেরোইন এবং আফিম সংকট মোকাবিলা করার জন্য

অর্থনৈতিক ন্যায়বিচার

অত্যন্ত সফল সম্পত্তি কর সীমা স্থায়ী করে: এই ঐতিহাসিক আইন প্রণয়ন প্রক্রিয়ায়, যেহেতু করের স্তরটি 2012 সালে গভর্নর কার্যকর করেছিলেন তাই তখন থেকে 2020 সালের আর্থিক বাজেটে 2% সম্পত্তি করের স্তর স্থায়ীকরণকে অন্তর্ভুক্ত করা পর্যন্ত করদাতাদের প্রায় 25 বিলিয়ন ডলার সাশ্রয় হবে। পশ্চিম নিউ ইয়র্কে 10 বছর ধরে একজন সাধারন করদাতা যা সাশ্রয় করবেনঃ

- অ্যালেগানি কাউন্টিঃ 7,853 ডলার
- ক্যাটারাউগাস কাউন্টিঃ 8,605 ডলার
- চাউটাউকুয়া কাউন্টিঃ 7,562 ডলার
- ইরি কাউন্টিঃ 11,796 ডলার
- নায়াগারা কাউন্টিঃ 11,079 ডলার

মধ্যবিত্তের কর কর্তনের ফেজ-ইন অব্যাহত রাখা: বাজেটটি মধ্যবিত্তের কর কর্তনের ফেজ-ইন সমর্থন করে। এইসব সংশোধনের অধীনে, যখন কর্তন পুরোপুরি ফেজ-ইন করা হবে তখন হার হ্রাস পেয়ে 5.5 শতাংশ ও 6 শতাংশে নেমে যাবে - মধ্যবিত্তের জন্য 20 শতাংশ অবধি আয়কর হ্রাস পাবে - এবং 2025 সালের মধ্যে ছয় মিলিয়ন আয়কর যারা ফাইল করেন তাদের জন্য আনুমানিক 4.2 বিলিয়ন মার্কিন ডলার বার্ষিক সাশ্রয় তৈরি করে। নতুন হার ফেজ-ইন হওয়ার সাথে, এটি হবে 70 বছরের মধ্যে স্টেটের মধ্যবিত্ত শ্রেণীর জন্য সর্বনিম্ন কর হার।

একবিংশ শতাব্দীর পরিকাঠামো নির্মাণ

রাস্তা ও সেতু উন্নয়ন: গভর্নরের 100 বিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল পরিকল্পনার অংশ হিসেবে, আর্থিক বর্ষ 2020-র বাজেটে থাকবে পশ্চিম নিউ ইয়র্কের রাস্তা ও সেতু প্রকল্পের জন্য অর্থায়ন, যার মধ্যে থাকবে:

- চিক্টোওয়াগা, পশ্চিম সেনেকা, এলমা, এবং মারিলা শহরে পেভমেন্টের পুনর্নবীকরণের উদ্দেশ্যে 12.5 মিলিয়ন মার্কিন ডলার।
- পোল্যান্ড শহরে পশ্চিম নিউ ইয়র্ক এবং পেন রেলপথের উপর রুট 394 এর সেতুর পুনর্বাসনের উদ্দেশ্যে 7.3 মিলিয়ন মার্কিন ডলার।
- রুট 219, ক্যারোল্টন শহরের সাথে পেভমেন্ট পুনর্নবীকরণের জন্য 7.3 মিলিয়ন মার্কিন ডলার।
- 12 মাইল ক্রিকের পোর্টার ও উইলসনের শহরগুলি পূর্ব শাখার উপর দিয়ে রুট 93 এবং 425 বহনকারী সেতুর স্প্যানগুলির পুনর্বাসনের উদ্দেশ্যে 4.4 মিলিয়ন মার্কিন ডলার।

কন্সোলিডেটেড লোকাল হাইওয়ে এইড কর্মসূচী (Consolidated Local Street and Highway Improvement Program, CHIPS): বাজেট CHIPS কর্মসূচীর মাধ্যমে পশ্চিম নিউ ইয়র্কের স্থানীয় রাস্তা ও সেতুর জন্য 46.0 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন প্রদান করে।

পেভ নিউ ইয়র্ক হাইওয়ে সহায়তা কর্মসূচি (PAVE NY Local Highway Aid Program): বাজেট পেভ নিউ ইয়র্ক কর্মসূচীর মাধ্যমে পশ্চিম নিয় ইয়র্কের স্থানীয় রাস্তা ও সেতুর জন্য 10.5 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করে।

পরিবহণ পরিচালন সহায়তা: 2020 আর্থিক বর্ষে NFTAতে অর্থায়নের জন্য বাজেটটি 58.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে, যা 2019 আর্থিক বর্ষে চেয়ে 5.1 মিলিয়ন মার্কিন ডলারের বৃদ্ধি।

দেশের সর্ববৃহৎ পরিকাঠামো প্রোগ্রামে অতিরিক্ত 150 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ: আর্থিক বর্ষ 2020 থেকে শুরু করে পরের পাঁচ বছর ধরে, পরিকাঠামো প্রকল্পে 150 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার গভর্নর কুওমোর অভূতপূর্ব প্রতিশ্রুতির ফলে এই মূলধন সংক্রান্ত প্রকল্পগুলি পরিবহন ব্যবস্থার পুনর্নির্মাণ করা, অর্থনৈতিক উন্নয়ন পরিচালনা করা, নতুন পরিবেশ অনুকূল সুবিধা তৈরি করা এবং নিউ ইয়র্কের টেকসই শক্তি সহ ভবিষ্যতকে সমর্থন করবে।

নিউ ইয়র্কের নিচ-থেকে-উপরে অর্থনৈতিক বিকাশ কৌশল (Bottom-Up Economic Development Strategy) অব্যাহত রাখা

বাফালো বিলিয়ন (Buffalo Billion) বিনিয়োগ অব্যাহত রাখে: বাফালোর ইস্ট সাইডকে পুনরুজ্জীবিত করার জন্য রাজ্য 50 মিলিয়ন মার্কিন ডলার উৎসর্গ করছে। ইস্ট সাইড করিডোর ইকোনমিক ডেভেলপমেন্ট ফান্ড (East Side Corridor Economic Development Fund) প্রয়োগ করার জন্য একটি সমাজ-চালিত অন্তর্ভুক্তিমূলক প্রোগ্রাম তৈরি করতে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) বাফালো শহরের সাথে কাজ করেছিল। এগুলির প্রতি লক্ষ্য স্থির করে অর্থায়ন করা হবে: (1) একটি ইস্ট সাইড মেইন স্ট্রিটের উদ্যোগ; (2) প্রকল্প উন্নয়ন এবং বাস্তবায়ন সহায়তায় নতুন কমিউনিটি ভিত্তিক ডেভেলপারদের পরামর্শ প্রদান; (3) ভবিষ্যতে পুনঃব্যবহারের জন্য ইস্ট সাইডের ঐতিহাসিক কাঠামোগুলির সুরক্ষা ও সংরক্ষণের জন্য একটি বিল্ডিং সংরক্ষণ তহবিল; (4) মিশিগান অ্যাভিনিউ আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডোর উন্নয়ন করার জন্য একটি উপযুক্ত একীভূত প্রচেষ্টা, যার মধ্যে বিল্ডিং আপগ্রেড এবং উন্নতির জন্য মূলধন তহবিল অন্তর্ভুক্ত রয়েছে; (5) ইস্ট সাইডে মূল সম্পদে বিনিয়োগ; (6) সরাসরি প্রকল্প অর্থায়ন করা; এবং (7) পরিকাঠামো এবং স্থান তৈরির ক্ষেত্রে উন্নতি। অতিরিক্ত বাহ্যিক বিনিয়োগ আশা করা হচ্ছে, বিশেষ করে স্থানীয় চ্যারিটেবল ফাউন্ডেশনগুলি থেকে, সম্পূরক সম্প্রদায়ের অগ্রাধিকারগুলির সহায়তা করার জন্য যার মধ্যে রয়েছে ক্ষমতা-নির্মাণ প্রোগ্রামিং।

রিজিওনাল অর্থনৈতিক বিকাশ কাউন্সিলগুলির (Regional Economic Development Councils, REDCs) নবম পর্যায়ের জন্য 750 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে: 2011 সালে, গভর্নর কুওমো 10 রিজিওনাল অর্থনৈতিক বিকাশ কাউন্সিল (REDCs) স্থাপন করেন দীর্ঘমেয়াদি রিজিওনাল কৌশলগত অর্থনৈতিক বিকাশ পরিকল্পনা তৈরি করতে। এর পর থেকে, REDC গুলি 7,300-র বেশি প্রকল্পে 6.1 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। কৌশলটির ফলে নিউ ইয়র্কে নতুন এবং পুরোনো মিলিয়ে 230,000টিরও বেশি কর্মসংস্থান হয়েছে। প্রণয়িত বাজেটে অন্তর্ভুক্ত আছে মূল

ক্যাপিটাল ও ট্যাক্স-ক্রেডিট অর্থায়ন যা বিভিন্ন ব্যাপ্তির এজেন্সির সাথে একত্রিত হয়ে নবম পর্যায়ে REDC-র প্রদত্ত অর্থের পরিমাণকে মোট 750 মিলিয়ন মার্কিন ডলার করবে।

চতুর্থ ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Fourth Downtown Revitalization Initiative) মাধ্যমে স্টেটের কমিউনিটিগুলিতে বিনিয়োগ করে: ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Downtown Revitalization Initiative) ডাউনটাউনের এলাকাগুলি রূপান্তরিত করে প্রাণবন্ত কমিউনিটিতে পরিণত করছে যেখানে আগামী প্রজন্মের নিউ ইয়র্কবাসী বাস করতে, কাজ করতে এবং পরিবার গঠন করতে চাইবে। স্টেটের দশটি REDC ডাউনটাউনের রূপান্তরের সম্ভাবনার উপর ভিত্তি করে অংশগ্রহণকারী কমিউনিটি মনোনীত করে। তিন দফার পুরস্কারের মধ্যে, জয়ী কমিউনিটিগুলিকে ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা বিকাশ ও কমিউনিটির পুনরুজ্জীবন লক্ষ্যের মূল অনুঘটক প্রকল্প বাস্তবায়নের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে। আর্থিক বর্ষ 2020 এর প্রণয়িত বাজেট ডাউনটাউন রিভিটালাইজেশন ইনিশিয়েটিভের চতুর্থ রাউন্ডে 100 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (New York State University of New York, NYSUNY) 2020 এবং নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (New York City University of New York, NYCUNY) 2020 এর আরেকটি রাউন্ড চালু করেছে: NYSUNY 2020 এবং NYCUNY 2020 চ্যালেঞ্জ গ্রান্ট প্রোগ্রামের (NYSUNY 2020 and NYCUNY 2020 Challenge Grant program) সাফল্যের উপর ভিত্তি করে, বাজেটে নতুন অনুদান চালু করার জন্য 110 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করেছে। একাডেমিক সাফল্যের উন্নতি, পাবলিক-প্রাইভেট অংশিদারিত্বগুলির সুবিধা নেওয়া এবং কর্মিবলের সাথে ছাত্রদের ভালভাবে সংযোগ স্থাপনের জন্য প্রযুক্তির ব্যবহারকে অগ্রাধিকার দেওয়া হবে।

অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগগুলি অব্যাহত রাখে: বাজেট বিভিন্ন প্রকল্পতে সহায়তা প্রদান করা অবিরত রাখে, যার মধ্যে রয়েছে বাফালো সেন্টার ফর বায়োইনফোম্যাটিক্স এন্ড লাইফ সায়েন্সেসের (Buffalo Center of Excellence in Bioinformatics and Life Sciences) জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার, বাফালো সেন্টার ফর এক্সিলেন্স ইন মেটেরিয়ালস ইনফর্মেশনের (Buffalo Center of Excellence in Materials Information) জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার, ইউনিভার্সিটি অফ বাফালোর (University of Buffalo) সেন্টার ফর অ্যাডভান্সড টেকনোলজি ইন বিগ ডেটা অ্যান্ড হেলথ সাইন্সেস (Center for Advanced Technology in Big Data and Health Sciences) এর জন্য 960,600 মার্কিন ডলার, এবং ন্যাশানাল কলেজিয়েট অ্যাথলেটিক অ্যাসোসিয়েশন (National Collegiate Athletic Association, NCAA) হকির জন্য ক্যানিসিয়াস কলেজকে (Canisius College) 100,000 মার্কিন ডলার।

পর্যটনে বিনিয়োগ অব্যাহত রাখে: স্টেটের পর্যটন ক্যাম্পেইন সমর্থনে এবং বিশ্বের বিভিন্ন স্থান থেকে পর্যটক আকর্ষণ করতে বাজেটে 59.5 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করা হবে। কর্মসূচিতে অন্তর্ভুক্ত আছে মার্কেট নিউ ইয়র্ক (Market NY) উদ্যোগের মাধ্যমে 15 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের প্রতিযোগিতামূলক তহবিলের সপ্তম পর্যায় যার উদ্দেশ্য পর্যটন বাজারজাতকরণ পরিকল্পনা ও

প্রকল্প সমর্থন করা যা রিজিওনাল আকর্ষণ প্রচার করতে কাউন্টিগুলির মধ্যে রিজিওনাল সমন্বয় সবথেকে ভালোভাবে প্রদর্শন করে। পর্যটন নিউ ইয়র্কের চতুর্থ বৃহত্তম কর্মসংস্থান ক্ষেত্র।

নিউ ইয়র্ক স্টেট গ্রোওন ও সার্টিফাইড কর্মসূচি (New York State Grown and Certified Program): নির্বাহী বাজেট নিউ ইয়র্ক স্টেট গ্রোওন ও সার্টিফাইড কর্মসূচির জন্য সমর্থন অব্যাহত রাখবে। কর্মসূচিটি নিউ ইয়র্ক স্টেটের পণ্যে ভোক্তাদের বিশ্বাস জোরদার করার জন্য, খাদ্য পণ্য লেবেল করা, এবং নিউ ইয়র্কের চাষীদের উচ্চমানের খাদ্যের চাহিদা বৃদ্ধির সুযোগ নিতে সাহায্য করার জন্য নকশাকৃত। 2016 সালে শুরু হওয়ার পর থেকে, কর্মসূচিটি 2,386 এর বেশি ফার্মকে সনদ প্রদান করেছে, যা অর্ধমিলিয়ন একর ফার্মের জমির প্রতিনিধি।

টেস্ট নিউ ইয়র্ক (Taste NY): 2013 সালে শুরু হওয়া টেস্ট নিউ ইয়র্ক নিউ ইয়র্কে তৈরি খাবার ও পানীয় হাইলাইট করে এবং কিনতে উৎসাহিত করে। টেস্ট নিউ ইয়র্ক উদ্যোগটি নিউ ইয়র্কের উচ্চমানের খাবার ও কৃষি পণ্যের দৃষ্টিগোচরতা বৃদ্ধি করতে দারুণ ভাবে সফল প্রমাণিত হয়েছে। 2018 সালের সাফল্য ধরে রাখতে এবং নিউ ইয়র্কের উৎপাদকদের নতুন বাজারে আরো ভালোভাবে যুক্ত করতে, টেস্ট নিউ ইয়র্ক কর্মসূচিটি পুরো স্টেটের স্বাগত কেন্দ্রগুলিতে সম্প্রসারণ করতে নির্বাহী বাজেট 6.5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে।

সবার জন্য মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করা

1 বিলিয়ন মার্কিন ডলার শিক্ষা আর্থিক সহায়তা বৃদ্ধি: এই বছরের বৃদ্ধির 70 শতাংশ উচ্চ-প্রয়জনের স্কুল জেলাগুলিতে, এবং মোট শিক্ষার অর্থায়নকে নিয়ে আসে 27.9 বিলিয়ন ডলারে। আর্থিক বর্ষ 2020-র বাজেট পশ্চিম নিউ ইয়র্কে স্কুলের সহায়তা (School Aid) বৃদ্ধি করে 72.9 মিলিয়ন ডলার, যার মধ্যে রয়েছে ফাউন্ডেশন এইডে (Foundation Aid) 43.6 মিলিয়ন মার্কিন ডলার, যার ফলে মোট বৃদ্ধি দাঁড়ায় 3.10 শতাংশে।

উচ্চতর শিক্ষা পরিকাঠামো: SUNY উচ্চতর শিক্ষাগত ফ্যাসিলিটি উন্নত করতে ও বজায় রাখতে পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চল 35.2 মিলিয়ন মার্কিন ডলার মূলধন অর্থায়ন প্রাপ্ত হবে।

পাবলিক কলেজে বিনা টিউশনে পড়াশুনা: পশ্চিম নিউ ইয়র্কের পাবলিক কলেজে ভর্তি পূর্ণকালীন স্নাতক শিক্ষার্থীদের আনুমানিক 55% অথবা 15,600 এর বেশি বিনামূল্যে টিউশনে পড়াশুনা করে এক্সেলসিওর বৃত্তির (Excelsior Scholarship) মাধ্যমে এবং টিউশন সহায়তা প্রোগ্রামের (Tuition Assistance Program, TAP) মতো শিক্ষার্থীদের জন্য অন্যান্য আর্থিক সহায়তার উৎসের উদার সহায়তার মাধ্যমে।

<u>সামাজিক ন্যায়বিচার</u>

সবার জন্য অপরাধ ন্যায়বিচার অগ্রসর করা

অপরাধ ন্যায়বিচার সংস্কার: 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেটে নিম্নলিখিত সংস্কারগুলি অন্তর্ভুক্ত করার মাধ্যমে নিউ ইয়র্ক একটি যৌক্তিক অপরাধ বিচারব্যবস্থার প্রতি তার অঙ্গীকার অব্যাহত রেখেছে:

- **প্রাক-বিচার কারারোধ হ্রাস করার উদ্দেশ্যে জামিন ও গ্রেফতার পদ্ধতির সংস্কার করে:** 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেটে অনন্য আইন প্রণয়নের একটি অঙ্গ হিসেবে বিচারের আগে কারাগারে বন্দী ব্যক্তির সংখ্যা হ্রাস করার মাধ্যমে নিউ ইয়র্কের জামিন ব্যবস্থা নাটকীয়ভাবে রূপান্তরিত হবে। বিশেষত, হেফাজতমূলক গ্রেফতারের পরিবর্তে অধিকাংশ সামান্য অপরাধমূলক কাজকর্ম এবং ক্লাস ই গুরুতর অপরাধের অভিযুক্তদের ক্ষেত্রে পুলিশ কর্মকর্তাদের অবশ্যই ডেস্ক উপস্থিতি টিকিট জারি করতে হবে এইরকম একটি নতুন প্রয়োজনীয়তার পাশাপাশি সামান্য অপরাধমূলক কাজকর্ম এবং গুরুতর অহিংস অপরাধের জন্য নগদ জামিন উঠিয়ে দেওয়া হবে। একত্রিতভাবে, এই সংস্কারগুলি নিশ্চিত করবে অধিকাংশ মামলা – আনুমানিক 90% – যেখানে কোনো ব্যক্তি অভিযুক্ত হলেও এখনও পর্যন্ত কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত হননি, সেক্ষেত্রে তিনি যেন আদালতে তার নির্দিষ্ট দিনের আগে কারাগারের বাইরে থাকেন।
- **একটি দ্রুত বিচারের অধিকার নিশ্চিত করে:** মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান এবং রাষ্ট্রীয় আইন, উভয় ক্ষেত্রেই নীতিগুলি বিধিবদ্ধ থাকা সত্ত্বেও একজন ফৌজদারি বিবাদীর দ্রুত বিচারের অধিকার একটি বিলম্বিত প্রক্রিয়ায় পরিণত হতে পারে – এবং প্রায়শই তা হয়ও – যার ফলে লোকেদেরকে অত্যধিক সময়ের জন্য প্রাক-বিচার হেফাজতে বন্দী করে রাখা হয়। গড়ে, সমগ্র দেশ জুড়ে স্থানীয় কারাগারগুলিতে বন্দী দুই-তৃতীয়াংশ মানুষকে কেবলমাত্র আদালতে তাদের দিনের জন্য অপেক্ষারত অবস্থায় বন্দি করে রাখা হয়েছে। এই বিলম্বগুলির প্রকৃত প্রভাব রয়েছে যেহেতু কোনো অন্যায় কাজের জন্য এখনও দোষী সাব্যস্ত হননি এমন ব্যক্তিদের প্রায়শই তাদের কর্মসংস্থান এবং সম্প্রদায়ের সাথে সম্পর্ক হারাতে হয়। এই অবিচারটির অবসান করা এবং পূর্বের জমে থাকা ফৌজদারি মামলাগুলির সংখ্যা হ্রাস করার উদ্দেশ্যে, 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেট কিছু আইনসমূহকে অন্তর্ভুক্ত করে যা অহেতুক বিলম্বগুলি হ্রাস করা এবং সকল পক্ষ যে বিচারের জন্য প্রস্তুত তা নিশ্চিত করার মাধ্যমে আদালতগুলির ক্ষেত্রে দায়বদ্ধতা বৃদ্ধি করা আবশ্যক করে তোলে।
- **সন্ধান প্রক্রিয়ার রূপান্তর ঘটায়:** যার মাধ্যমে প্রসিকিউটররা বিচার শুরু না হওয়া পর্যন্ত মৌলিক প্রমাণগুলি ধরে রাখতে পারবে, নিউ ইয়র্কের সেই পুরাতন সন্ধানপ্রক্রিয়াকে পুনরায় ঢেলে সাজাতে, 2020 অর্থবছরে বিধিবদ্ধ করা বাজেটে অন্তর্ভুক্ত করা আইনসমূহ, প্রসিকিউটর এবং বিবাদীপক্ষ উভয়ের ক্ষেত্রেই বিচারের বহু পূর্বে তাঁদের দখলে থাকা তথ্যগুলিকে সরবরাহ করা আবশ্যক করে তোলে। বিবাদীপক্ষকে নিজেকে দোষী ঘোষণা করার পূর্বে বাদীপক্ষের কাছে কী প্রমাণ আছে তা দেখে নেওয়ার সুযোগ দেওয়া হবে। প্রসিকিউটরদের আরোপের 15 দিনের মধ্যে পক্ষসমর্থনকারীকে সন্ধানযোগ্য তথ্য এবং সামগ্রীগুলি সরবরাহ করতে হবে। এছাড়াও, প্রসিকিউটরদের একটি প্রতিরক্ষামূলক আদেশের জন্য আদালতের নিকট আবেদন করার ক্ষমতা প্রদান করার মাধ্যমে এবং সাক্ষীদের নিরাপত্তা এবং বিচার প্রক্রিয়ার পবিত্রতা নিশ্চিত করার জন্য প্রয়োজনানুসারে সনাক্তকারী তথ্যগুলি রক্ষা করার মাধ্যমে, আইন প্রণয়নটি ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা এবং সাক্ষীরা যাতে হুমকি এবং অন্যান্য ধরণের বলপূর্বক নিগ্রহের হাত থেকে সুরক্ষিত থাকেন তা নিশ্চিত করবে।

<u>সব নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায়বিচার</u>

সাধ্যের মধ্যে মানসম্পন্ন স্বাস্থ্যসেবা রক্ষা করা:

স্বাস্থ্যসেবা রূপান্তর: এই বাজেট অব্যাহতভাবে স্বাস্থ্যসেবা রূপান্তর কার্যক্রমে সহায়তা করাসহ:

- রোজওয়েল পার্ক ক্যান্সার ইনস্টিটিউট (Roswell Park Cancer Institute, RPCI): এই বাজেটে RPCI কে সহায়তা করার জন্য 103 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ রাখা হয়েছে।
- ক্যাপিটাল রিস্ট্রাকচারিং অর্থায়ন কর্মসূচি (Capital Restructuring Financing Program) (অনুমোদিত অর্থ বছর 2015): আঞ্চলিক হাসপাতালসমূহের প্রতি সহায়তা অনুদান হিসেবে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলকে 41.95 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে।
- অত্যাবশ্যক স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রোগ্রাম (Essential Health Care Providers Program) (অনুমোদিত অর্থ বছর 2016): আঞ্চলিক হাসপাতালসমূহের প্রতি সহায়তা অনুদান হিসেবে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলকে 113.8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে।
- পুরো স্টেটে স্বাস্থ্য সেবা ফ্যাসিলিটি রূপান্তর কর্মসূচি I (Statewide Health Care Facility Transformation Program I) (অনুমোদিত অর্থ বছর 2017): ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলকে 10.7 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করা হয়েছে।
- পুরো স্টেটে স্বাস্থ্য সেবা ফ্যাসিলিটি রূপান্তর কর্মসূচি II (Statewide Health Care Facility Transformation Program II) (অনুমোদিত অর্থ বছর 2018): ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলকে 47 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করা হয়েছে।

বার্ধক্য: NYSOFA সহায়তা সেবাসমূহে স্থানীয়ভাবে শনাক্তকৃত সক্ষমতা-চাহিদাবলী শনাক্ত করতে এই বাজেট স্টেটব্যাপী 15 মিলিয়ন ডলার বিনিয়োগ করেছে যেটি বার্ধক্য বিষয়ক কাউন্টি এরিয়া এজেন্সিসমূহ কর্তৃক নিয়ন্ত্রিত হয় যাদের লক্ষ্য হলো বয়স্কদের কমিউনিটি সংযোগসমূহ সংরক্ষণ করা এবং উচ্চমাত্রায় ব্যয়বহুল প্রাতিষ্ঠানিক ভর্তিসমূহ পরিহার করার চাহিদাবলী পূরণ করা। এই বিনিয়োগের ফলে ওয়েস্টার্ন রিজিয়ন কমিউনিটি সরবরাহকারীদের জন্য 1.9 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল প্রদান করবে। এছাড়াও এইসকল অর্থ পুনঃবিনিয়োগ করার মাধ্যমে সেবা প্রদান বৃদ্ধির প্রচেষ্টা হিসেবে এই বাজেট কাউন্টি বিকল্পের মধ্যে সেবা প্রদানকারীদেরকে সেইসব লোকদেরকে ব্যক্তিগতভাবে অর্থের বিনিময়ে সেবা প্রদানের ক্ষমতা প্রদান করে যারা পরিশোধ করার সামর্থ্য রাখে।

সাশ্রয়ী পরিচর্যা আইন এবং হেলথ এক্সচেঞ্জকে বিধিবদ্ধ করা: যখন নিউ ইয়র্ক সাশ্রয়ী পরিচর্যা আইনের (Affordable Care Act, ACA) ঐতিহাসিক অগ্রগতিতে বাঁধা দেওয়ার জন্য ওয়াশিংটন ক্রমাগত হুমকি দিচ্ছে, সেই সময় ACA এর মুখ্য প্রবিধানগুলিকে বিধিবদ্ধ করে এবং নিউ ইয়র্ক স্টেট হেলথ এক্সচেঞ্জকে (New York State Health Exchange) আইনে পরিণত করে এটিই নিশ্চিত করা হয়েছে যে যুক্তরাষ্ট্রীয় পর্যায়ে যাই হোক না কেন, এই মুখ্য প্রবিধানগুলি নিউ ইয়র্ক স্টেটে সুরক্ষিত আছে।

আফিমজাতীয় পদার্থের মহামারী বন্ধ করতে যুদ্ধ করা

আফিমজাতীয় দ্রব্যের সংকট মোকাবেলায় অর্থায়ন করা: ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (New York, NY) এ হেরোইন ও আফিমজাতীয় দ্রব্যের সংকট শনাক্ত করতে বাজেটে আনুমানিক 10 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে। তহবিলটি অসংখ্য চিকিৎসা কর্মসূচিসহ তিনটি সংকট, 16টি আবাসিক, নয়টি আউটপেশেন্ট এবং দুইটি আফিমজাতীয় নেশার চিকিৎসা কর্মসূচি এবং একই সাথে একটি স্টেট-পরিচালিত আসক্তি নিরাময় কেন্দ্র (State-Operated Addiction Treatment Center) এর সহায়তায় ব্যয় করা হবে। এইসব কর্মসূচি ব্যক্তিগত ও দলীয় কাউন্সেলিং, ওষুধ সহায়ক চিকিৎসা, শিক্ষামূলক সেবা, কেস ব্যবস্থাপনা, ভোকেশনাল যাচাই এবং চাকরির দক্ষতার জন্য প্রশিক্ষণ, চাকরি পাওয়ার জন্য তৈরি, অভিভাবকত্ব, ব্যক্তিগত, সামাজিক ও কমিউনিটি জীবনযাত্রার দক্ষতা প্রদান করতে পারে।

বুপ্রিনরফিনের (Buprenorphine) ব্যবহার বৃদ্ধি করা: ওষুধের সহায়তায় প্রদত্ত চিকিৎসার (Medication Assisted Treatment, MAT) ক্ষেত্রে বুপ্রিনরফিন একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি যেটি মেথাডোন (Methadone) এবং ইঞ্জেকশন নালট্রাক্সোনের (Naltrexone) মতো এবং আফিমজাতীয় পদার্থ ব্যবহারজনিত সমস্যা থেকে নিরাময় পেতে লোকজনকে সাহায্য করার ক্ষেত্রে উপযুক্ত হিসেবে কাউন্সেলিং এর পাশাপাশি সমন্বিতভাবে ব্যবহার করা হয়। বুপ্রিনরফিনের ব্যবহার বৃদ্ধি করতে, গভর্নর কুওমো স্বাস্থ্য বিভাগকে (Department of Health, DOH) নির্দেশনা দিবেন যেন চিকিৎসার আদর্শ সেবা বা চিকিৎসার জন্য রেফারেলের ভিত্তিতে আফিমজাতীয় পদার্থ ব্যবহারজনিত সমস্যা সমাধানের লক্ষ্যে স্টেটব্যাপী সব হাসপাতালে তাদের জরুরি বিভাগের জন্য চিকিৎসাবিধি তৈরি আবশ্যক করা হয়। অনুমোদিত বাজেট হেলথ প্ল্যানসমূহ কর্তৃক ঔষধের সহায়তায় চিকিৎসা (Medication Assisted Treatment) এর জন্য প্রাক প্রত্যয়ন চাওয়াকে নিষিদ্ধ করেছে।

ফৌজদারি বিচার ব্যবস্থায় ওষুধের সহায়তায় প্রদত্ত চিকিৎসার সুযোগ বৃদ্ধি করে: অনুমোদিত বাজেটে স্থানীয় কারাগারসমূহে ঔষধের সহায়তায় চিকিৎসা (MAT) এর সহায়তায় 4.75 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত হয়েছে যা পূর্বের চেয়ে 1 মিলিয়ন মার্কিন ডলার বেশি এবং তিনটি অতিরিক্ত সংশোধনাগার বিভাগ ও কমিউনিটি তত্ত্বাবধায়ন বিভাগে MAT সম্প্রসারিত করার জন্য ফেডারেল তহবিলসমূহের ব্যবহার বৃদ্ধি করেছে। এইসকল কার্যকরী কর্মসূচি কারান্তরীণ ব্যক্তিদেরকে সংশোধিত হতে এবং তাদের মুক্তির পূর্বে তাদেরকে কমিউনিটি-ভিত্তিক পরিষেবাসমূহের সাথে যুক্ত করতে সহায়তা করবে যা তাদের সফল হওয়ার সুযোগ বৃদ্ধি করবে অপরাধ প্রবণতা হ্রাস করবে।

মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার চিকিৎসাকে অধিকতর নাগালের মধ্যে নিয়ে আসবে: অনুমোদিত বাজেট হেলথ প্ল্যানসমূহের ন্যূনতম কভারেজ স্ট্যান্ডার্ডস চাওয়া; মেডিকেলগতভাবে প্রয়োজনীয় চিকিৎসা প্রত্যাখ্যান করাকে নিষিদ্ধ করা; প্রতিদিন একাধিক কো-পেমেন্ট নিষিদ্ধ করা এবং আচরণগত স্বাস্থ্য বিষয়ক কো-পেমেন্টসমূহ প্রাথমিক পরিচর্যা সংক্রান্ত কো-পেমেন্টসমূহের সমান হওয়ার বাধ্যবাধকতা প্রদানের মাধ্যমে চিকিৎসাকে অধিকতর নাগালের মধ্যে নিয়ে এসেছে। এইসকল পরিবর্তন প্রশাসনিক ও ব্যয় সংক্রান্ত বোঝাকে দূরীভূত করে যেগুলো নিউ ইয়র্কে আসক্তির সাথে লড়াইরত অধিবাসীদের চিকিৎসার পথে বাধা হয়ে দাঁড়ায়।

স্থানীয় সরকারসমূহের জন্য সহায়তা

স্থানীয় সরকারসমূহকে সহায়তা করে: মিউনিসিপ্যালিটিসমূহের জন্য সহায়তা ও প্রণোদনা কর্মসূচি ও রেভিনিউ ভাগাভাগির মাধ্যমে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক মিউনিসিপ্যালিটিসমূহের সহায়তাকল্পে 212.3 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ রেখেছে।

ভিডিও লটারি টার্মিনাল ইমপ্যাক্ট এইড বজায় রাখে: ওয়েস্টার্ন নিউ ইয়র্ক মিউনিসিপ্যালিটিসমূহের জন্য 1.2 মিলিয়ন মার্কিন ডলারের ভিডিও লটারি টার্মিনাল ইমপ্যাক্ট এইড বজায় রাখে।

নাগরিক শক্তিশালীকরণ ট্যাক্স ক্রেডিট বজায় রাখে: সাতটি গ্রামের অবলুপ্তির জন্য 515,799 মিলিয়ন মার্কিন ডলারের নাগরিক শক্তিশালীকরণ ট্যাক্স ক্রেডিট বজায় রাখে।

জেমসটাউন সিটির জন্য সহায়তা প্রদান করে: জেমসটাউন সিটির সহায়তার জন্য 1.0 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে।

দুর্যোগকালীন সহায়তা প্রাপ্তি নিশ্চিত করে: এই বাজেট লেক অন্টারিওর বন্যা সংশ্লিষ্ট পুনর্গঠন প্রকল্পের জন্য স্টেট ও মিউনিসিপ্যাল বিভাগের তহবিলসমূহ প্রাপ্তি অব্যাহত রেখেছে।

গ্রামীণ ভাড়াটিয়া সংক্রান্ত সহায়তা কর্মসূচি (Rural Rental Assistance Program, RRAP) কে সমর্থন দেয়: অনুমোদিত বাজেট ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে গ্রামীণ ভাড়াটিয়াদের জন্য 900 ইউনিট এর বেশি নিম্ন-আয়ের আবাসনের জন্য ভাড়াটিয়া সংক্রান্ত সহায়তা প্রদান করে।

নেইবারহুড এবং গ্রামীণ সংরক্ষণ কর্মসূচি (Neighborhood and Rural Preservation Programs, NPP/RPP) কে সমর্থন দেয়: অনুমোদিত বাজেটে নেইবারহুড সংরক্ষণ কর্মসূচি (NPP) এবং গ্রামীণ সংরক্ষণ কর্মসূচি (RPP) এর জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে যাতে সেইসকল কমিউনিটি-ভিত্তিক অলাভজনক দলকেসহায়তা করা যায় যারা ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে আবাসন সহায়তা, কমিউনিটি নবায়ন কার্যক্রম এবং ভাড়াটিয়া সংক্রান্ত ভর্তুকি প্রদান করছে।

নিউ ইয়র্কের পরিবেশগত নেতৃত্ব অব্যাহত রাখা

নবায়নযোগ্য শক্তির জন্য বিনিয়োগ সম্প্রসারণ করে: গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিল, দেশের নেতৃস্থানীয় ক্লিন অ্যানার্জি ও কর্মসংস্থান এজেন্ডা যা স্টেটকে 2030 সালের মধ্যে 70% নবায়নযোগ্য শক্তি সক্ষমতা অর্জন এবং 2040 সালের মধ্যে 100% কার্বনমুক্ত বিদ্যুৎ এর সক্ষমতা অর্জনের জন্য সঠিক পথে রাখবে তার অংশ হিসেবে 2020 অর্থবছরে অনুমোদিত বাজেট নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষকে (New York Power Authority) তাদের গ্রাহকদের নবায়নযোগ্য শক্তি ও শক্তি সাশ্রয়ী পরিষেবাসমূহ প্রদানের ভূমিকাকে সম্প্রসারিত করে।

পরিষ্কার পানীয় জলের জন্য বিনিয়োগ: 2020 অর্থবছরে বাজেট, পরিষ্কার জলের পরিকাঠামোতে, স্টেটের ঐতিহাসিক 2.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের উপর গঠিত, অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে।

প্লাস্টিক ব্যাগের ব্যবহার নিষিদ্ধকরণ: অনুমোদিত বাজেটে গ্রাহকদের প্রদান করা একবার-ব্যবহারের প্লাস্টিক ব্যাগগুলিকে নিষিদ্ধ করার আইনকে অন্তর্ভুক্ত আছে এবং কাউন্টি এবং সিটিগুলিকে কাগজের ব্যাগের উপর 5-সেন্ট চার্জ করার বিকল্প প্রদান করাসহ নিম্ন ও স্থায়ী আয়ের ভোক্তাদের জন্য পুনরায় ব্যবহারযোগ্য ব্যাগ ক্রয় করার জন্য স্থানীয় কর্মসূচিগুলিকে 40% অর্থ দিয়ে, এবং স্টেটের পরিবেশ সংরক্ষণ তহবিলে কর্মসূচিগুলিকে 60% তহবিল দিয়ে সহায়তা করছে।

পরিবেশ সুরক্ষা তহবিলের জন্য রেকর্ড অর্থ পুনরায় বরাদ্দ করা: প্রণীত বাজেটে 300 মিলিয়ন মার্কিন ডলার অর্থ বরাদ্দ করা হয়েছে, যা এই কর্মসূচির ইতিহাসে সর্বোচ্চ বরাদ্দ।

স্টেটের পার্ক: নিউ ইয়র্ক ওয়ার্কস প্রোগ্রামে (New York Works Program) রয়েছে স্টেটের পার্ক পুনর্বাসনে 110 মিলিয়ন মার্কিন ডলার, যা নিউ ইয়র্কের পার্কের জন্য ক্যাপিটাল ডলারের যোগান অব্যাহত রাখলো।

DEC অবকাঠামো বিনিয়োগসমূহ: অ্যাডভেঞ্চার নিউ ইয়র্ক উদ্যোগ অব্যাহত রাখার জন্য DEC কে 55 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে এবং একই সাথে শিকারি, ছিপ দিয়ে মাছ ধরা, পাখি পর্যবেক্ষক এবং অন্যান্য আউটডোর উদ্যমী ব্যক্তিদের স্টেটের মালিকানাধীন কাজে লাগছে না এমন ভূমি ব্যবহার করতে পারার সুযোগ বৃদ্ধি করার মতো প্রকল্পসহ একাধিক তহবিলের প্রয়োজন সমাধান করে। এছাড়াও নতুন তহবিল স্বাস্থ্য ও বাঁধ, জলাভূমি পুনঃস্থাপন, স্টেটের ভূমি, মাছ হ্যাচারি এবং অন্যান্য স্টেট পরিকাঠামোর নিরাপত্তা মেরামতের জন্য বিনিয়োগ করবে।

পরিবেশ সুরক্ষা তহবিল (Environmental Protection Fund, EPF): অনুমোদিত বাজেটে EPF-এর জন্য 300 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে যা এই কর্মসূচির ইতিহাসে সর্বোচ্চ তহবিল। এতে রয়েছে কঠিন বর্জ্য কর্মসূচিতে 38 মিলিয়ন মার্কিন ডলার, পার্ক ও বিনোদনে 88 মিলিয়ন মার্কিন ডলার, খোলা স্থানের কর্মসূচিতে 153 মিলিয়ন মার্কিন ডলার এবং জলবায়ু পরিবর্তন হ্রাস ও অভিযোজন কর্মসূচিতে 21 মিলিয়ন মার্কিন ডলার।

চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন এবং অ্যাকোয়ারিয়া (Zoos, Botanical Gardens, and Aquaria, ZBGA): অনুমোদিত বাজেটে 2019-20 সালে ZBGA এর স্টেটব্যাপী 16 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ রেখেছে। যদিও 2019 সালের ZBGA পুরস্কারসমূহ এখনো নির্ধারিত হয়নি, 2018 সালে নিচের পশ্চিম অঞ্চলের চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন এবং অ্যাকোরিয়ামসমূহ এই কর্মসূচি থেকে 1 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান লাভ করেছে:

- বাফেলো অ্যান্ড ইরিক কাউন্টি বোটানিক্যাল গার্ডেন সোসাইটি, ইনকর্পোরেটেড (Buffalo and Erie County Botanical Gardens Society, Inc.)
- বাফেলো সোসাইটি অব ন্যাচারাল সায়েন্স (Buffalo Society of Natural Sciences)

- জেমসটাউন উডুবন সোসাইটি (Jamestown Audubon Society)
- নায়াগ্রা অ্যাকোরিয়াম ফাউন্ডেশন (Niagara Aquarium Foundation)
- ফাইফার ন্যাচারাল সেন্টার অ্যান্ড ফাউন্ডেশন, ইনকর্পোরেটেড (Pfeiffer Nature Center and Foundation, Inc.)
- জিওলোজিক্যাল সোসাইটি অব বাফেলো, ইনকর্পোরেটেড (Zoological Society of Buffalo, Inc.)

মিউনিসিপ্যাল পার্কসমূহ: অনুমোদিত প্রস্তাবিত EPF এ পুরো স্টেটের মিউনিসিপ্যাল পার্কের জন্য 2019-20 সালে 19.5 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে। যদিও 2019 সালের পুরস্কারসমূহ এখনো নির্ধারিত হয়নি, 2018 সালে নিচের ওয়েস্টার্ন প্রতিষ্ঠান ও স্থানীয় এলাকাসমূহ এই কর্মসূচি থেকে 1.9 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান লাভ করেছে:

- ক্যারাউসেল সোসাইটি অব দ্য নায়াগ্রা ফ্রন্টিয়ার (Carousel Society of the Niagara Frontier)
- বাফালো নায়াগ্রা ফ্রিডম স্টেশন কোয়ালিশন, ইনকর্পোরেটেড (Buffalo Niagara Freedom Station Coalition, Inc.)
- স্প্রিংভেল সেন্টার ফর আর্টস, ইনকর্পোরেটেড (Springville Center for the Arts, Inc.)
- সেন্ট লুক'স এপিসকোপাল চার্চ (St. Luke's Episcopal Church)
- সেটুকোয়া ওয়াটারশেড কংসেরভেন্সি, ইনকর্পোরেটেড (Chautauqua Watershed Conservancy, Inc.)
- ল্যাকাওয়ানা টাউন
- ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ল্যান্ড কংসেরভেন্সি, ইনকর্পোরেটেড (Western New York Land Conservancy, Inc.)
- টাউন অব ইডেন
- দ্য ন্যাচারাল কংসেরভেন্সি (The Nature Conservancy)

আইন সভার প্রথম 12 সপ্তাহে নিউ ইয়র্ক স্টেট নিম্নোক্ত ল্যান্ডমার্ক অর্জনসমূহের ক্ষেত্রে ঐতিহাসিক অগ্রগতি অর্জন করে:

- প্রজনন স্বাস্থ্য আইন (Reproductive Health Act)
- সামগ্রিক গর্ভনিরোধক সুরক্ষা আইন (Comprehensive Coverage Contraceptive Act)
- লাল পতাকা বিল
- বাম্প স্টকসমূহ নিষিদ্ধ
- ব্যাকগ্রাউন্ড চেক অপেক্ষার সময় সম্প্রসারিত
- সবুজ নতুন চুক্তি (Green New Deal) শুরু
- LLC লুপহোল "বন্ধ"
- ফেডারেল এবং স্টেট নির্বাচনের মধ্যে সমন্বয় সাধন করা হয়
- অপ্রাপ্তবয়স্কদের জন্য প্রাক-নিবন্ধন
- আগাম ভোট দেওয়া

- নিবন্ধনের সার্বজনীন স্থানান্তর
- আগাম অজুহাতহীন অনুপস্থিত ভোটিং
- আগাম একই-দিনের নিবন্ধন
- শিশু নির্যাতন দমন আইন (Child Victims Act)
- লিঙ্গ প্রকাশ অবৈষম্য আইন (Gender Expression Non-Discrimination Act)
- রূপান্তর থেরাপি নিষিদ্ধ
- রিভেঞ্জ পর্ন নিষিদ্ধ
- পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের ন্যায়বিচারের আইন (Domestic Violence Survivors Justice Act)
- কর্মক্ষেত্রে বুকের দুধ খাওয়ানোর ক্ষেত্রে সুরক্ষা শক্তিশালীকরণ

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন